

সরকারি কর্মচারীদের বাড়ি (আবাসিক) নির্মাণের জন্য গ্রুপ ভিত্তিক ঋণের আবেদনের সংগে দাখিলতব্য দলিল ও কাগজপত্রের তালিকাঃ

প্রাইভেট প্লটের ক্ষেত্রেঃ

১. জমির একক/যৌথ মালিকানা সংক্রান্ত মূল দলিল;
২. যৌথ মালিকানার আওতায় বাড়ি মালিকদের প্রাপ্ত ফ্ল্যাট/ফ্লোরের মালিকানা নিশ্চিত করে রেজিস্ট্রিকৃত বাটোয়ারা দলিল বা ফ্ল্যাট বন্টনের শরিকানা চুক্তিপত্র;
৩. সি.এস/এস.এ রেকর্ডিয় মালিক থেকে মালিকানা স্বত্ত্বের প্রয়োজনীয় ধারাবাহিক বায়া দলিল;
৪. সি.এস, এস.এ, আর.এস, বি.এস ও প্রযোজ্য ক্ষেত্রে ঢাকা সিটি জরিপ খতিয়ানের জাবেদা নকল ও ডি.পি বা বুজারত খতিয়ান;
৫. সংশ্লিষ্ট ভূমি অফিস হতে সি.এস, এস.এ, আর.এস, বি.এস ও প্রযোজ্য ক্ষেত্রে সিটি জরিপ মৌজা ম্যাপ;
৬. জেলা/সাব-রেজিস্ট্রি অফিস কর্তৃক ইস্যুকৃত ১২(বার) বছরের নির্দায় সনদ (এন.ই.সি);
৭. মালিকানা সংক্রান্ত অন্যান্য দলিল ও কাগজপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

সরকারি/লীজ প্রাপ্ত প্লটের ক্ষেত্রেঃ

১. একক/যৌথ প্লটের বরাদ্দ পত্রের ফটোকপি;
২. দখল হস্তান্তর পত্রের ফটোকপি;
৩. মূল লীজ দলিল ও বায়া দলিলের ফটোকপি;
৪. জমির একক/যৌথ মালিকানা সংক্রান্ত মূল দলিল;
৫. যৌথ মালিকানার আওতায় বাড়ি মালিকদের প্রাপ্ত ফ্ল্যাট/ফ্লোরের মালিকানা নিশ্চিত করে রেজিস্ট্রিকৃত বাটোয়ারা দলিল বা ফ্ল্যাট বন্টনের শরিকানা চুক্তিপত্র;
৬. লীজ দাতা প্রতিষ্ঠান হতে জমি বিক্রয়ের অনুমতি পত্র;
৭. লীজ দাতা প্রতিষ্ঠান হতে বাড়ি মালিকদের প্রাপ্ত ফ্ল্যাট/ফ্লোরের মালিকানা নিশ্চিত করে রেজিস্ট্রিকৃত বাটোয়ারা দলিল এর অনুমতি পত্র;
৮. জেলা/সাব-রেজিস্ট্রি অফিস কর্তৃক ইস্যুকৃত ১২(বার) বছরের নির্দায় সনদ (এন.ই.সি);
৯. লীজ দাতা প্রতিষ্ঠান হতে বন্ধক অনুমতি পত্র (বন্ধক প্রদানের পূর্বে);
১০. লীজ দাতা প্রতিষ্ঠান হতে ফ্ল্যাটের নামজারীর অনুমতি পত্র;
১১. ঢাকা সিটি জরিপ খতিয়ান (প্রযোজ্য ক্ষেত্রে);
১২. মালিকানা সংক্রান্ত অন্যান্য দলিল ও কাগজপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

অন্যান্য কাগজপত্রঃ

১. নামজারী খতিয়ানের জাবেদা নকল, ডি.সি.আর, প্রস্তাবপত্র, হাল সনের খাজনা রশিদ;
২. রাজউক বা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন পত্রসহ অনুমোদিত নকশার ফটোকপি;
৩. প্লটের সয়েল টেষ্ট রিপোর্টের ফটোকপি;
৪. ইমারতের কাঠামো নকশার ফটোকপি;
৫. নকশা মোতাবেক বাড়ি নির্মাণ ও অন্য কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ নেই মর্মে আবেদনকারী কর্তৃক ৩০০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্প পেপারে প্রদত্ত আভারটেকিং;
৬. ব্যাংকের চাহিত মোতাবেক মালিকানা সংক্রান্ত আরও অন্যান্য কাগজপত্র।